দৈনিক ইনকিলাব

তারিখ ... ... DEC 22 1999
পৃষ্ঠা ২ ... কলাম ৭ ......

37

# আন্তর্জাতিক কম্পিউটার ও তথ্য-প্রযুক্তি সম্মেলন

মিজানুর রহমান জুয়েল

সফলতার সাথে শেষ হল দু'দিনের আন্তর্জাতিক কম্পিউটার ও তথ্য-প্রযুক্তি সম্মেলন। সম্মেলনটি হয় ৩ ও ৪ ডিসেম্বর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট)। অস্ট্রেলিয়া, ফিনল্যান্ড, যুক্তরাজ্য, ঘানা ও ভারতের কম্পিউটার বিজ্ঞানীসহ শতাধিক গবেষক এ সম্মেলনে অংশ নেন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বুয়েট যৌথভাবে এ সম্মেলনটির আয়োজন করে।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক নূরুদ্দিন আহমেদ। তিনি বলেন, আসুন আমরা ২১ শতকের হাত ধরে সামনে পা বাড়াই। বিশেষ অতিথি, তথ্যপ্রযুক্তি বিষয়ক জাতীয় টাস্কফোর্সের চেয়ারম্যান জামিলুর রেজা চৌধুরী বলেন, বিশ্বে বাংলাদেশেই প্রথম যেখানে রেললাইনের মাধ্যমে ফাইবার অপটিক্যাল ব্যবহার শুরু হয়েছে। ফাইবার অপটিক্যাল এখন বঙ্গোপসাগরের নিচ দিয়ে প্রবাহিত বা সংযোগ দিতে পারলে আমরা টেলি যোগাযোগে আরও উন্নতি করতে পারব। আমাদের দেশে এখন হাইস্পিড ডাটা কমিউনিকেশন সিস্টেম প্রয়োজন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইলেকট্রনিক্স বিভাগের প্রধান অধ্যাপক মুহাম্মদ জাফর ইকবাল বলেন, গতবারের তুলনায় এবারের সম্মেলন ছিল জমজমাট। আমরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের একাডেমিশিয়ানদের নিয়ে ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি বাংলাদেশ (আইআইটিবি) কমিটি গঠন করেছি। আগামী সম্মেলন নির্বিঘ্নে করতে পারব। দেশী বক্তাদের পাশাপাশি বিদেশী কয়েকজন আমন্ত্রিত বক্তা ছিলেন। তারা হলেন- অ্যামাথো গিয়াসি সিস্টেম এ্যান্ড লজিক ডিজাইন, ডঃ মহবুব হাসান নেটওয়ার্ক, অধ্যাপক ম্যাসাউকি নুমাও আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স-এর ওপর বক্তব্য রাখেন। এ ছাড়া সিস্টেম, ভিএলএসটি এবং অন্যান্য বিষয়ের ওপর বলেন ডঃ ফারুক আহমেদ ও রহমান মফিজুর।

সম্মেলনে সর্বোচ্চসংখ্যক গবেষণাপত্র উপস্থাপনের এবং জমা দেয়ার কারণে বুয়েটের ১৯৮৭ সালের ব্যাচের রেজাউল আলম চৌধুরীকে গোল্ড মেডেল দেয়া হয়। সম্মেলনে মোট ৬০টি গবেষণা উপস্থাপন এবং পাঠ করা করা হয়। গবেষণাপত্রগুলো উপস্থাপনা করেন দেশ-বিদেশের বিজ্ঞানীরা। সম্মেলনের প্রথম দিনে ৩৩টি এবং শেষ দিনে ২৫টি গবেষণাপত্র পাঠ করা হয়।

গবেষণার মূল বিষয়গুলো ছিল- অলগারদম, সিস্টেম এ্যান্ড লজিক ডিজাইন, নেটওয়ার্ক, বাংলা প্রসেসিং, আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স ও সিস্টেম, ভিএলএসটি এবং অন্যান্য।

গবেষণাপত্রগুলো হচ্ছে- ইমপ্রুভমেন্ট ইন ডাবল এন্ডেড প্রায়োরিটি কিউস। এন এফিশিয়েন্ট অলগারিদম টু ডিজাইন কনভ্লড এলএফএসআর/ এসআর, মিনম্যাক্স ফাইন হিপ, ডেটা এক্সট্রাকশন ফ্রম গ্রাফ ইমেজ এ্যান্ড ফরমেশন অব ইকুয়েশন, ওয়ার স্যাম ইস্যুস রিলেটেড টু এলপি প্রবলেম, সিমুলেটেড অ্যানেলিং ফর টু পেমেন্ট র‍্যাংকিং প্রবলেম, অন অপটিমাল ডি-হাফম্যান ট্রেস, কুইস সট ইউজিং কমপ্যারাটরস উইথ হাইয়্যার ডিগ্রি, এন এফিসিয়েন্ট বেস্ট ফিট অলগারিদম ফর পরিলমিক্যাল কোলোকেশন এন এফিসিয়েন্ট অলগারিদম ফর অপটিক্যাল ভার্টেক্স র‍্যাংকিং অব পারমুটেশন গ্রাফস. অলগারিদম ফর সলভিং সিস্টেমস, অব লিনিয়ার ইকয়েশন, অন প্যারামিটার অব মার্চ ট্রেস। ডিজাইন অব এ প্রোটেকটেড মোড। মাইক্রোপ্রসেসর ট্রেইনার বেইজড অন ইন্টেল হাই পারফরমেন্স ৮০২৮৬ আর্কিটেকচার, এন এফিসিয়েন্ট টু মডেলিং অব নিউমেরিকল কম্পিউটার ডাটা, লিনিয়ার অ্যান্ড নন লিনিয়ার প্রেডিকশন অব হার্ট রেট, অন দ্য ইনপুট অ্যান্ড প্যারামিটার এস্টিমেশন অব নন মিনিমাম দেজ এআরএমএ সিস্টেম, অ্যানালাইসিস অব মাইক্রো কম্পিউটার বেইজড ও ফেজ কন্ট্রোলড রেক্টিফায়ার ফর সেপারেটলি এক্সিটেড ডিসি মোটর ড্রাইভ আইবিএম পিসি ট্রাবল সুটিং সিস্টেম, পিসি কন্ট্রোলড লুকআপ টেবিল বেজড পিডব্লিউএম স্কিম ফর ভোল্টেজ সোর্স ইনভার্টারস এ্যান্ড এসি ড্রাইভারস, পিসি বেজড রেগুলার সাম্পলড পালস উইথ মডুলেটর ফর ইনভাটারস অ্যান্ড এসি ড্রাইভারস। সিস্টেমস আইডেন্টিফিকেশন অফ এ ওয়ান ডিগ্রি অব ফ্রিডম টুইন রোবট। আগামী বছর এ সম্মেলন অনষ্ঠিত হবে নর্থ-সাউথ ইউনিভার্সিটিতে।